

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৫২০

আগরতলা, ৯ অক্টোবর, ২০২৪

মায়ের গমন-২০২৪

আগরতলা শহরে যান ও জনসাধারণের চলাচল স্বাভাবিক রাখতে নির্দেশিকা জারি

পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার আগামী ১৪ অক্টোবর ‘মায়ের গমন-২০২৪’ উপলক্ষে আগরতলা শহরে যান ও জনসাধারণের চলাচল স্বাভাবিক রাখতে এক বিজ্ঞপ্তিতে কিছু নির্দেশিকা জারি করেছেন। বিজ্ঞপ্তিতে ট্রাফিক বিধিনিম্নে ও নিয়ম সম্পর্কে জানানো হয়েছে যে, ১৪-১০-২০২৪ তারিখ দুপুর ২টা থেকে লায়নস গেইট (উজ্জয়ন্ত প্যালেস) থেকে দশমীঘাট ভায়া জ্যাকসন গেইট, কামান চৌমুহনী, সূর্য চৌমুহনী, পোস্ট অফিস চৌমুহনী, প্যারাডাইস চৌমুহনী এবং বটতলা পর্যন্ত এলাকাকে দুর্গা প্রতিমা বিসর্জনের জন্য ব্যবহার করা হবে যতক্ষণ পর্যন্ত না পুরো প্রক্রিয়া সম্পূর্ণ হয়। তাই নাগেরজলা, বটতলা, দশমীঘাট, জয়পুর, আগন্তুক ক্লাব, জয়নগর অফিস লেন, ফায়ার সার্ভিস চৌমুহনী, আইজিএম চৌমুহনী, বীরেন্দ্র ক্লাব জংশন, গাঞ্জীঘাট, আইজিএম হাসপাতালের পিছন দিক, আরএমএস চৌমুহনী, মধ্যপাড়া রোড, ওরিয়েন্ট চৌমুহনী, জ্যাকশন গেইট, গোলবাজার, লালমাইট্যা ক্রসিং, নেতাজী চৌমুহনী, পুরনো মেট্র স্ট্যান্ড, গণরাজ চৌমুহনী, মহিলা কলেজ, টাউন হল, আরএস ভবন ক্রসিং, বি কে চৌমুহনী ইত্যাদি স্থানে ‘নো-এন্ট্রি’ থাকবে।

রোগী/বিমানবাত্রী/রেলবাত্রীদের জন্য আপত্তকালীন রাস্তা নিরূপণ:-

(টিএমসি হাপানিয়া থেকে আইজিএম/ জিবিপি হাসপাতাল/আইএলএস)-

হাপানিয়া- এডিনগর- ফ্লাইওভার- আইজিএম- টিআরটিসি- বি কে চৌমুহনী- কর্ণেল চৌমুহনী- হারাধন সংঘ- উত্তর গেইট- রাধানগর- মুর্তিপ্রাঙ্গণ- জিবিপি হাসপাতাল/আইএলএস।

হাপানিয়া- এডিনগর- ফ্লাইওভার- ফায়ার সার্ভিস চৌমুহনী- কের চৌমুহনী- শংকর চৌমুহনী- হারাধন সংঘ- উত্তর গেইট- রাধানগর- মুর্তিপ্রাঙ্গণ-জিবিপি হাসপাতাল/আইএলএস।

(জিবিপি হাসপাতাল/আইএলএস হাসপাতাল থেকে আইজিএম/হাপানিয়া টিএমসি)-

আইএলএস/জিবি- মুর্তিপ্রাঙ্গণ- রাধানগর- উত্তর গেইট- হারাধন সংঘ- কর্ণেল চৌমুহনী- শংকর চৌমুহনী- কের চৌমুহনী- ফ্লাইওভার- এডিনগর।

উল্লেখ্য, বিমানবাত্রী/ রেল যাত্রীদের যার যার এয়ার টিকিট বা বোর্ডিং পাস সাথে রাখতে এবং তাদের গাড়িতে ‘এয়ারপোর্ট/রেলযাত্রী’ স্টিকার লাগিয়ে তাদের গন্তব্যস্থলে যেতে বলা হয়েছে।

ভিআইপি গাড়ি পার্কিং স্থল : ১) উজ্জয়ন্ত প্যালেস কমপাউন্ডে।

সাধারণ যানবাহনের ক্ষেত্রে-

- ১) আইজিএম চৌমুহনী- আরএমএস চৌমুহনী- ওরিয়েন্ট চৌমুহনী- জেকসন গেইট বক্সকালভাট।
- ২) বটতলা টিআরটিসি কমপ্লেক্স, ফ্লাইওভারের নিচে ৩৮ থেকে ৪২নং পিলার।
- ৩) গাঞ্জীঘাট থেকে রামকৃষ্ণ মিশন, গাঞ্জাইল রোড।
- ৪) পূর্ব আগরতলা থানার পেছনে মহানাম অঙ্গন পর্যন্ত।
- ৫) পুলিশের যানবাহন-উমাকান্ত স্কুল মাঠ।

\*\*\*\*\* ২য় পাতায়

(২)

মায়ের গমনে যোগ দেওয়া দুর্গা প্রতিমা যে রাস্তায় এসে সমবেত হবে-

পশ্চিম জোন:- রামনগর, ভাটি অভয়নগর এবং সংলগ্ন এলাকার ক্লাব/পূজা কমিটিগুলি মূর্তি নিয়ে কের চৌমুহনী- ফায়ার সার্ভিস চৌমুহনী- আইজিএম চৌমুহনী- আরএমএস চৌমুহনী- ওরিয়েন্ট চৌমুহনী- রবীন্দ্রভবন ক্রসিং- দুর্গাবাড়ি- সমবেত হওয়ার স্থান। কৃষ্ণনগর- কর্ণেল চৌমুহনী এবং সংলগ্ন এলাকার ক্লাব ও পূজা কমিটিগুলির মূর্তি কর্ণেল চৌমুহনী- বিকে চৌমুহনী- রবীন্দ্র শতবার্ষিকী ভবন ক্রসিং- দুর্গাবাড়ি- সমবেত হওয়ার স্থান।

উত্তর জোন:- কুঞ্জবন, রাধানগর, ভিআইপি রোড এবং সংলগ্ন এলাকার মূর্তিগুলি মূর্তিপ্রাঙ্গণ- রাধানগর- উত্তর গেইট- মরা চৌমুহনী- পাওয়ার হাউস ক্রসিং- বিকে রোড- ওমেন্স কলেজ- লক্ষ্মীনারায়ণবাড়ি রোড- সমবেত হওয়ার স্থান।

পূর্ব জোন:- উজান অভয়নগর, বনমালীপুর এবং সংলগ্ন এলাকার ক্লাব এবং পূজা কমিটিগুলির মূর্তি লালবাহাদুর চৌমুহনী- গণরাজ চৌমুহনী- ওমেন্স কলেজ- এলএনবাড়ি রোড হয়ে সমবেত হওয়ার স্থানে আসবে। ধলেশ্বর, আশ্রম চৌমুহনী এবং সংলগ্ন এলাকা মূর্তিগুলি আশ্রম চৌমুহনী- জেল রোড- পূর্বাশা ক্রসিং- গণরাজ চৌমুহনী- ওমেন্স কলেজ- এলএনবাড়ি রোড হয়ে সমবেত হওয়ার স্থানে আসবে। কল্যাণী, শিবনগর, মঠ চৌমুহনী এবং সংলগ্ন এলাকার মূর্তিগুলি মঠ চৌমুহনী- পূর্বাশা ক্রসিং- গণরাজ চৌমুহনী- মহিলা কলেজ- এন এল বাড়ি রাস্তা হয়ে সমবেত হওয়ার স্থানে পৌছাবে।

সেন্ট্রাল জোন:- চিত্তরঞ্জন রোড, জগতুরি মুড়া, মোটর স্ট্যান্ড এবং সংলগ্ন এলাকার ক্লাব/ পূজা কমিটির মূর্তিগুলি রামঠাকুর সংঘ- এমবিবি ক্লাব ক্রসিং- সিআর রোড- ওন্দ মোটর স্ট্যান্ড- পূর্বথানার সামনের রাস্তা- গণরাজ চৌমুহনী- মহিলা কলেজ- এলএনবাড়ি রোড হয়ে সমবেত হওয়ার স্থানে আসবে। এনএস রোড, গ্র্যান্ডিউজ চৌমুহনী, সেন্ট্রাল রোড, মহারাজগঞ্জ বাজার এবং সংলগ্ন এলাকার মূর্তিগুলি এনএস রোড (গোলবাজার স্টেচ)- এমবিবি ক্লাব ক্রসিং- সিআররোড- ওন্দ মোটর স্ট্যান্ড- পূর্বথানার সামনের রাস্তা- গণরাজ চৌমুহনী- ওমেন্স কলেজ- এলএনবাড়ি রোড হয়ে সমবেত হওয়ার স্থানে আসবে।

দক্ষিণ জোন:- মেলারমাঠ, এডিনগর, বাধারঘাট (জওহর বিজের দক্ষিণাংশ) এবং সংলগ্ন এলাকার ক্লাব/ পূজা কমিটিগুলির মূর্তি বটতলা- ফায়ার সার্ভিস চৌমুহনী- আইজিএম চৌমুহনী- আরএমএস চৌমুহনী- ওরিয়েন্ট চৌমুহনী- আরএস ভবন ক্রসিং- দুর্গাবাড়ি হয়ে সমবেত হওয়ার স্থানে পৌছবে।

সব ক্লাব/ পূজা কমিটিগুলির মূর্তি সমবেত হওয়ার পর মহারাণী তুলসীবতী স্কুলের সামনে দিয়ে জেকসন গেইট- ব্যাঙ্ক চৌমুহনী- কামান চৌমুহনী- সূর্য চৌমুহনী- পোস্ট অফিস চৌমুহনী- প্যারাডাইস চৌমুহনী- বটতলা হয়ে দশমীঘাটে যাবে।

\*\*\*\*\*